

হরতাল-অবরোধে ৫ কোটি শিক্ষার্থীর ভবিষ্যৎ হুমকির মুখে : জেপি মহাসচিব

জাতীয় পার্টি-জেপি'র মহাসচিব ও সাবেক শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, হরতাল-অবরোধের মত ধ্বংসাত্মক অবিরাম কর্মসূচির ফলে দেশের ৫ কোটি শিক্ষার্থীর শিক্ষা জীবন হুমকির সম্মুখীন হয়েছে। বিশেষ করে এবারের ১৫ লাখ এসএসসি ও সমমানের পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে পড়েছে। তিনি বলেন, জনকল্যাণের রাজনীতির পরিবর্তে এ ধরনের আত্মবিরোধী রাজনৈতিক সংস্কৃতির আওত পরিবর্তন দরকার।

৩১শে মার্চ রাজধানীর বোহামুদপুরে আনন্দ উচ্চ বিদ্যালয়ে বার্ষিক পুরস্কার বিতরণী সভায় প্রধান অতিথির বক্তৃতায় জেপি মহাসচিব এসব কথা বলেন। সাবেক খরাষ্টমন্ত্রী ও স্কুল পরিচালনা কমিটির সভাপতি ড. মহীউদ্দীন খান আলমগীর এমপি'র সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. নাজমুল আহসান কলিমুজ্জাহ, স্কুলের প্রতিষ্ঠাতা বেগম জানিলা আক্তার ও স্কুলের প্রধান শিক্ষিকা রিতা রহমান প্রমুখ। পরে জেপি'র মহাসচিব শেখ শহীদুল ইসলাম স্কুলের মেধাধী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি